

এই যোজনাতে চারটি গৃহ নির্মাণের প্রকল্প অন্তর্ভুক্ত করা হয়েছে

প্রকল্প ১ : বস্তি অঞ্চলের বাসিন্দাসকলের জন্যে গৃহ নির্মাণ

- এই প্রকল্পের দ্বারা নগরের বস্তি অঞ্চলের বাসিন্দাসকল লাভবান হবে।
- এই প্রকল্পের দ্বারা নগরের বস্তি অঞ্চলসমূহের পুনঃউন্নয়নের জন্যে ব্যক্তিগত অংশীদারিত্বে অত্যাৱশ্যকীয় সুবিধাসমূহ যেমন - পানীয় জল, শৌচাগার ইত্যাদির ব্যবস্থা করা হবে।
- এই প্রকল্পে আবাস নির্মাণ সংস্থা নির্মাণের সময় বস্তি অঞ্চলের হিতাধিকারীসকলের জন্যে অস্থায়ী সংস্থাপনের ব্যবস্থা করার জন্যে দায়বদ্ধ।

প্রকল্প ২ : ঋণ সংযুক্ত রাজসাহায্যের দ্বারা গৃহ নির্মাণ

প্রকল্পের নাম	সি.এল.এস.এস.ই ডব্লিউ এস এবং এল. আই.জি	
আয়ের শ্রেণী	ই ডব্লিউ এস	এল. আই.জি
আয়ের সীমা - বছর	৩ লাখ টাকা পর্যন্ত	৩.১-৬ লাখ টাকা পর্যন্ত
আয়ের সীমা - মাসিক	২৫,০০০ টাকা পর্যন্ত	২৫০০১ - ৫০,০০০ টাকা পর্যন্ত
কার্পেট এলেকা	৩০ বর্গ মিটার	৬০ বর্গ মিটার
সর্বাধিক ঋণ	৬ লাখ টাকা	
রাজসাহায্যের সুদের পরিমাণ	৬.৫০ শতাংশ	
ঋণের ম্যাদ	২০ বছর	
ভৌগোলিক পরিসীমা	স্থানীয় পৌর নিকায় + পরিকল্পনার এলেকা	
রাজ্য সরকারের অনুমোদন	প্রয়োজনীয়	অপ্রয়োজনীয়

প্রকল্পের নাম	সি.এল.এস.এস.এম. আই.জি	
আয়ের শ্রেণী	এম.আই.জি	এম. আই.জি
আয়ের সীমা - বছর	৬.১-১২ লাখ টাকা পর্যন্ত	১২.১-১৮ লাখ টাকা পর্যন্ত
আয়ের সীমা - মাসিক	৫০,০০১-১,০০,০০০ টাকা পর্যন্ত	১,০০,০০১ - ১.৫০,০০০ টাকা পর্যন্ত
কার্পেট এলেকা	৯০ বর্গ মিটার	১১০ বর্গ মিটার
সর্বাধিক ঋণ	৯ লাখ টাকা	১২ লাখ টাকা
রাজসাহায্যের সুদের পরিমাণ	৪ শতাংশ	৩ শতাংশ
ঋণের ম্যাদ	২০ বছর	
ভৌগোলিক পরিসীমা	পরিকল্পনার এলেকা	
রাজ্য সরকারের অনুমোদন	অপ্রয়োজনীয়	

অধিকতম রাজসাহায্য ২,৬৭,২৮০ লাখ টাকা পর্যন্ত
টোল ফ্রি নং এন এইচ বি ১৮০০-১১-৩৩৭৭, হাডক ৩৩৮৮ ১৮০০-১১-৬১৬৩

প্রকল্প ৩ : অংশীদারিত্বের ভিত্তিতে গৃহ ক্রয়

পরিবারের মাসিক আয় গড়ে ২৫,০০০ টাকার থেকে কম সকলের জন্যে

- নগর অঞ্চলের আর্থিকভাবে দুর্বল শ্রেণী এবং যে সমস্ত পরিবারের নিজের মাটি অথবা নিজের ঘর নেই তেমন পরিবার সমূহের জন্যে গৃহ নির্মাণের জন্যে আর্থিক সাহায্য প্রদান।
- এই প্রকল্পের দ্বারা প্রতিটি গৃহ ক্রয় করার জন্যে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে ১.৫০,০০০ লাখ টাকা এবং রাজ্য সরকারের তরফ থেকে ৫০,০০০ টাকার সাহায্য প্রদান করা হবে।
- গৃহের মালিকীস্বত্ব পরিবারের কোনো মহিলা সদস্যের নামে হওয়াটা আবশ্যিক।
- বাকী খরচ হিতাধিকারীকে বহন করতে হবে।

প্রকল্প ৪ (ক) : নতুন গৃহ নির্মাণের জন্যে অনুদান

পরিবারের মাসিক আয় গড়ে ২৫,০০০ টাকার থেকে কম সকলের জন্যে

- নিজের মাটিতে নতুন করে গৃহ নির্মাণের জন্যে সাহায্য প্রদান।
- নবনির্মিত গৃহের জন্যে কালি ৩০ বর্গ মিটার পর্যন্ত হতে হবে।
- প্রত্যেক পরিবারকে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে ১.৫০ লাখ টাকা এবং রাজ্য সরকারের তরফ থেকে ৫০,০০০ টাকার রাজসাহায্য প্রদান করা হবে।

প্রকল্প ৪(খ) : বাসগৃহের সম্প্রসারণের জন্যে অনুদান*

পরিবারের মাসিক আয় গড়ে ২৫,০০০ টাকার থেকে কম সকলের জন্যে

- পুরোনো বাসগৃহের সঙ্গে নবনির্মিত গৃহের মোট কালি ৩০ বর্গ মিটার পর্যন্ত হতে হবে।
- প্রত্যেক পরিবারকে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে ১.৫০ লাখ টাকা এবং রাজ্য সরকারের তরফ থেকে ৫০,০০০ টাকার রাজসাহায্য প্রদান করা হবে।

* শর্তাবলী প্রযোজ্য

১ বর্গ মিটার = ১০.৭৬ বর্গ ফুট